দৈনিক ইত্তেফাক

তারিখ 07 MAR 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

22

# ক্যাম্পাসে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে ব্যাপক গুলী বিনিময়

ইত্তেফাক রিপোর্ট।। ক্যাম্পাস পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটিয়াছে। গতকাল (শুক্রবার) জহুরুল হক হল, জগন্নাথ হল, মোহসীন হলসহ ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় ছাত্রলীগের (আ-অ) দুই গ্রুপের মধ্যে ব্যাপক গুলী বিনিময় হয়। কেহ হতাহত হয় নাই। তবে কয়েকটি হলে আবাসিক ছাত্রদের মধ্যে আতংক দেখা দিয়াছে। একটি সূত্রের মতে আওয়ামী লীগ নেতা মোস্তফা মোহসীন মণ্টুর বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করিয়া ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে গতকালের এই ঘটনা ঘটে। গতকাল সকাল হইতে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে উত্তেজনা শুরু হয়। ইতিপূর্বে জহুরুল হক হল হইতে বিতাড়িত ছাত্রলীগের একটি গ্রুপ (১১শপৃঃ দ্রঃ)

## ক্যাম্পাসে গুলী বিনিময়

( ১ম পৃঃ পর )

হল এলাকায় আনাগোনা শুরু করিলে উত্তেজনা বৃদ্ধি পায়। বিকাল ৫টায় জগন্নাথ হল এলাকায় দুই গ্রুপের মধ্যে ফাঁকা গুলী বিনিময় শুরু হয়। প্রায় এক ঘন্টা ধরিয়া এই এলাকায় থামিয়া থামিয়া গোলাগুলী চলে। একটি সূত্র জানায়, সন্ধ্যায় মোস্তফা মহসীন সমর্থিত গ্রুপ অবস্থান পরিবর্তন করিয়া সূর্যসেন ও মোহসীন হল এলাকায় অবস্থান নেওয়ার পর দুই গ্রুপের মধ্যে ব্যাপক গোলাগুলী শুরু হয়। এক পর্যায়ে একটি গ্রুপ জহুরুল হক হলের সম্মুখে, অপর গ্রুপ মোহসীন হল এলাকায় অবস্থান নিলে পরিস্থিতির অবনতি ঘটে। এই সময় ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ রাস্তার মোড়ে 'রাস্তা বন্ধ' সাইন বোর্ড বসানো হয়। নীলক্ষেত মোড় এবং কলাভবন সম্মুখস্থ এলাকায় পুলিশ অবস্থান নেয়। রাতে বিশ্ববিদ্যালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা জানান, পুলিশ ঘটনাস্থলে অবস্থান নেওয়ার পর গোলাগুলী থামিয়া গিয়াছে। তবে উত্তেজনা কমে নাই। যে কোন মুহূর্তে অঘটন ঘটিতে পারে।

ছাত্রলীগ (আ-অ) নেতা মনিরুজ্জামান বাদলের হত্যাকাণ্ডের পর হইতে ছাত্রলীগের (আ-অ) আভ্যন্তরীণ দ্বন্দ্ব শুরু হয়। পরবর্তীতে সংগঠনের কয়েকজন নেতা-কর্মী বহিষ্কৃত হওয়ার পর দুই গ্রুপের দ্বন্দ্ব চরম আকার ধারণ করে।